

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ৩০, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-৩

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ/২২ সেপ্টেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

নং ২৫.০৩২.১৪.০০.০০.০০৯.২০১৫/২৬১—Town Improvement Act, 1953 (E.B Act XIII of 1953), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 73 এ প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর এখতিয়ারাধীন ১৫২৮ বর্গকিলোমিটার (৫৯০ বর্গমাইল) এলাকায় ডিটেইল্ড এরিয়া প্ল্যান (DAP) প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়, যা মন্ত্রিসভার অনুমোদনক্রমে এসআরও নং ২৩২-আইন/২০১০ তারিখ ২২ জুন, ২০১০ মূলে সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন হিসেবে প্রকাশিত হয় ;

০২. অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-১১৯, তারিখ ২৮ জুন ২০১০ এর মাধ্যমে রাজউক কর্তৃক প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) আরও বিশদভাবে পর্যালোচনাক্রমে চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি গঠন করা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের গেজেট প্রজ্ঞাপন নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১০.২০১০-৬৪, তারিখ ০১ এপ্রিল ২০১৪ এর মাধ্যমে উক্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করা হয় ;

০৩. পুনর্গঠিত মন্ত্রিসভা কমিটির গত ০৫ আগস্ট ২০১৫ তারিখে অনুষ্ঠিত ৭ম সভায় গৃহীত ৪.৪০ নং সিদ্ধান্ত অনুযায়ী তেজগাঁও শিল্প এলাকা মৌজার আর এস দাগ নং এস দাগ নং ৪৬৫১ এ অবস্থিত ড্যাপে চিহ্নিত ভূমি ব্যবহার শ্রেণি নিম্নলিখিত শর্তে আবাসিক হিসেবে পরিবর্তনের আবেদন অনুমোদন করা হয়, যা এতদ্বারা প্রকাশ করা হলো :

শর্ত : আবেদনকৃত প্লটে বিদ্যমান শিক্ষা প্রতিষ্ঠানের জায়গা সংরক্ষণ করতে হবে।

(৮১৪১)

মূল্য : টাকা ৪.০০

০৪. উল্লেখ্য, ডিটেইল্ড এরিয়া প্ল্যান (ড্যাপ) এ চিহ্নিত উল্লিখিত ভূমির তফসিল ও নকশা রাজউক এর পরিকল্পনা শাখায় সংরক্ষিত আছে। উল্লিখিত ভূমির শ্রেণি পরিবর্তনের বিষয়ে জমির দাগভিত্তিক অবস্থান রাজউক পরীক্ষা-নিরীক্ষা করে বিধি-বিধানের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত শর্ত প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজরুল ইসলাম  
সিনিয়র সহকারী প্রধান।

---

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)